

ভিক্টিম সাপোর্ট (Victim Support) কিভাবে সাহায্য করতে পারে?

আপনি যদি মনে করেন যে আপনি কোনরকম বর্ণবাদী অপরাধ বা হামলার শিকার হয়েছেন, ভিক্টিম সাপোর্ট নামে সংস্থাটি সেক্ষেত্রে আপনাকে সাহায্য করতে পারে। যা ঘটেছে তার খবর আপনাকে পুলিশের কাছ জানাতে হবে না। আমাদের সেবা পাওয়া যায় বিনা মূল্যে এবং এই সেবা সম্পূর্ণ গোপনীয় ও জনসম্প্রদায়ের সমস্ত অংশই তা পেতে পারে।

বর্ণবাদী অপরাধ/হামলা একটা একক ঘটনা হতে পারে, অথবা সেটা বেশ কিছু দিন ধরে চলছে এমন হয়রানিও হতে পারে। আপনার বা আপনার পরিবারের এই ধরনের যে অভিজ্ঞতা হয়ে থাকতে পারে তাদের মধ্যে হয়তো রয়েছে বর্ণবাদী:

- অপমান
- ভয় দেখানো
- বাড়ির দেওয়ালে লেখা গালিগালাজ
- ঘরবাড়ির ক্ষতিসাধন
- হুমকি দেওয়া
- শারীরিক আক্রমণ

ভিক্টিম সাপোর্ট বিশ্বাস করে যে এইসব ঘটনা সম্পর্কে আপনাদের মতামতই গুরুত্বপূর্ণ। আমরা জানি যে এই ধরনের ঘটনার প্রতিক্রিয়া বেশ কিছু দিন ধরে স্থায়ী হতে পারে, বিশেষ করে যদি আপনারা বার বার ভুক্তভোগী হয়ে থাকেন।

কোন অপরাধ ঘটার ঠিক পরেই, অথবা আরো পরের কোন সময়ে, আপনি ভিক্টিম সাপোর্ট-এর কাছ থেকে সাহায্য পেতে পারেন। আমরা এইসব প্রক্রিয়ার মাধ্যমে সাহায্য দিয়ে থাকি:

- আপনার কমিউনিটিতে সংগঠিত 'ভিক্টিম সাপোর্ট স্কীমস্' (Victim Support Schemes) বা ভুক্তভোগীদের সহায়তাদান কর্মসূচি

- বিভিন্ন 'ক্রাউন কোর্ট' (Crown Court) কেন্দ্রে এবং অনেক ম্যাজিস্ট্রেটদের আদালতে 'উইটনেস্ সার্ভিসেস্' (Witness Services) বা সাক্ষ্যদান সেবা
- আমাদের টেলিফোনে সহায়তাদান সেবা 'ভিক্টিম সাপোর্টলাইন' (Victim Supportline)

ভিক্টিম সাপোর্ট মানসিক সহায়তা, প্রয়োজনীয় তথ্য এবং বাস্তব সাহায্য প্রদান করে থাকে।

ভিক্টিম সাপোর্ট হচ্ছে যে সব লোক বিভিন্ন অপরাধের শিকার হয়েছে তাদের জন্য একটা জাতীয় দাতব্য প্রতিষ্ঠান। এছাড়াও আমরা অপরাধের ভুক্তভোগী, সাক্ষীদের ও তাদের পরিবারদের অধিকার সংরক্ষণের জন্যও কাজ করে থাকি, সেইসাথে অপরাধের প্রতিক্রিয়া সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়ানোর চেষ্টাও করি।

আমাদের নিয়মিত কর্মীরা এবং স্বেচ্ছাকর্মীরা এটা স্বীকার করেন যে আপনি একজন ব্যক্তিবিশেষ, এবং যে কোন পরিস্থিতিতে প্রত্যেকের প্রতিক্রিয়া ভিন্ন ধরনের হতে পারে।

ভিক্টিম সাপোর্ট এমন একজন লোকের ব্যবস্থা করে দেয় যার সঙ্গে আপনি গোপনীয়তা বজায় রেখে কথাবার্তা বলতে পারবেন। আমাদের স্বেচ্ছাকর্মীরা লোকজনের বাড়িতে গিয়ে অথবা অন্য কোন জায়গাতেও তাদের সঙ্গে দেখা করতে পারে। আমাদের মধ্যে যদি এমন কেউ না থাকে যে আপনার নিজের ভাষায় কথা বলতে পারে, আমরা একজন দোভাষীর ব্যবস্থা করার চেষ্টা করবো।

ভিক্টিম সাপোর্ট পুলিশ ও আদালতের কর্মপদ্ধতি সম্পর্কে তথ্য সরবরাহ করতে পারে এবং, প্রয়োজন হলে, আপনার সঙ্গে পুলিশ থানায় ও আদালতে যাবার জন্য স্বেচ্ছাকর্মীদের ব্যবস্থা করতে পারে।

ভিক্টিম সাপোর্ট আপনার তরফে অন্যান্য সংস্থার সঙ্গে, যেমন পুলিশ, হাউজিং বিভাগ ইত্যাদির সঙ্গে, আলাপ-আলোচনা চালাতে পারে।

ভিক্টিম সাপোর্ট সাহায্যের অন্যান্য সূত্রের সঙ্গেও আপনার যোগাযোগ করিয়ে দিতে পারে, যেমন ঘরবাড়ি মেরামত করানোয়, নিরাপত্তা ব্যবস্থার উন্নতি করায় ও বাড়ির দেওয়ালে লেখা গালিগালাজ মুছে ফেলায় যারা আপনাকে সাহায্য করতে পারবে।

নরহত্যা বা খুন

যেঁসব লোকের এই ধরনের অত্যন্ত দুঃখজনক পরিস্থিতির অভিজ্ঞতা হয়ে থাকে, আমাদের নিয়মিত কর্মীরা ও স্বেচ্ছাকর্মীরা তাদের সাহায্য করায় উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত। আত্মীয়-স্বজনের অপমৃত্যুতে শোকার্ত বহু লোকজন প্রতি বছর আমাদের কাছ থেকে সাহায্য লাভ করে থাকে।

ক্ষতিপূরণ

যেঁসব লোক কোনরকম সহিংসতার শিকার হয়েছে তারা 'ক্রিমিনিয়াল ইনজুরিজ্ কম্পেনসেশন অথরিটি' (Criminal Injuries Compensation Authority) বা অপরাধমূলক ঘটনায় আহতদের ক্ষতিপূরণ প্রদানকারী কর্তৃপক্ষের কাছ থেকে তাদের আঘাতের দরুণ ক্ষতিপূরণ পাবার যোগ্য হতে পারে। ভিক্টিম সাপোর্ট এই ব্যাপারে আরো বিস্তারিত তথ্য এবং ক্ষতিপূরণ দাবি করায় সাহায্য দিতে পারে।

আদালতে সাহায্য

আপনার বিষয়টি যদি আদালতে নিয়ে যাওয়া হয় সেক্ষেত্রে ভিক্টিম সাপোর্ট-এর 'উইটনেস্ সার্ভিসেস্' বা সাক্ষ্যদান সেবা - যা সমস্ত ক্রাইম কোর্ট কেন্দ্রে পাওয়া যায় এবং উত্তরোত্তর আরো বেশী সংখ্যায় ম্যাজিস্ট্রেটদের আদালতেও পাওয়া যাচ্ছে - আপনাকে ও আপনার পরিবারের লোকজনকে প্রয়োজনীয় সহায়তা এবং আদালতের কর্মপদ্ধতি সম্পর্কে তথ্য দিতে পারে।

ভিক্টিম সাপোর্ট-এর সঙ্গে কিভাবে যোগাযোগ করা যাবে

আপনি কোন অপরাধের বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষকে জানাতে না চাইলেও সরাসরি ভিক্টিম সাপোর্ট-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।

আপনি যদি অপরাধের খবর পুলিশকে জানান তারা সাধারণত: আপনার স্থানীয় 'ভিক্টিম সাপোর্ট স্কীম'এর সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দেবে।

Victim Supportline

08453030900

সকাল 9 টা - রাত 9 টা সপ্তাহের নিয়মিত কাজের দিনে

সকাল 9 টা - সন্ধ্যা 7 টা সপ্তাহান্তে

সকাল 9 টা - বিকাল 5 টা ব্যাংক হOLIDAY বা সরকারী ছুটির দিনে

PO Box 11431, London SW9 6ZH.

বর্তমানে কেবল ইংরেজী ভাষায় টেলিফোনে কথাবার্তা বলার ব্যবস্থা রয়েছে।

ভিক্টিম সাপোর্টলাইন অপরাধের ভুক্তভোগী এবং সাক্ষীদের জন্য জাতীয় টেলিফোন লাইন। ভিক্টিম সাপোর্ট-এর মাধ্যমে যেঁসব সেবা পাওয়া যেতে পারে তাদের বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত নিয়মিত কর্মীরা ও স্বেচ্ছাকর্মীরা আপনার সঙ্গে কথা বলতে পারবেন এবং আপনার স্থানীয় 'স্কীম' বা 'উইটনেস্ সার্ভিসেস্'এর সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দিতে পারবেন।

মতামত ও অভিযোগ

আমাদের বিভিন্ন সেবা সম্পর্কে মতামতকে ভিক্টিম সাপোর্ট স্বাগত জানায়। আমাদের একটা আনুষ্ঠানিক অভিযোগ পেশ পদ্ধতি আছে। আরো বিস্তারিত বিবরণের জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় ভিক্টিম সাপোর্ট স্কীম/উইটনেস্ সার্ভিসেস্'-এর সঙ্গে অথবা 'ন্যাশনাল অফিস' বা জাতীয় দফতরের সঙ্গে (পেছনের পাতা দেখুন) যোগাযোগ করুন।